ঐতিহ্যবাহী ঝাপান খেলা; চুয়াডাঙ্গায় দর্শক মাতালেন সাপুড়েরা

চুয়াডাঙ্গা সদর উপজেলার ঠাকুরপুর গ্রামে ঐতিহ্যবাহী ঝাপান খেলা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল নয়টার থেকে বিকাল সাড়ে পাঁচটা পর্যন্ত চলে এই ঝাপান খেলা।

চুয়াডাঙ্গা সদরের ঠাকুরপুর গ্রামের সাপুড়ে ইউসুফ আলীর আয়োজনে চলে সাপ নিয়ে বিভিন্ন অঙ্গভঙ্গি দিয়ে সাপের খেলা।
ঝাপান খেলায় চুয়াডাঙ্গা সদরের দুইটি দল অংশগ্রহণ করে গাইদঘাটের সাপুড়ে ওলিউর রহমানের টিম ও ঠাকুরপুরের সাপুড়ে ইউসুফ আলীর টিম। মোট ২৫ টি সাপ নিয়ে চলে দুই দলের সাপের ঐতিহ্যবাহী ঝাপান খেলার সাপ নিয়ে বিভিন্ন অঙ্গভঙ্গি দিয়ে নাচ গান।

এ সময় সাপুড়ে ইউসুফ আলী বলেন, এই সাপ খেলা দেখতে বিভিন্ন গ্রাম থেকে লোকের আগমন হয়েছে। আমরা দেশের বিভিন্ন স্থানে সাপ খেলা করে থাকি। আমরা এই খেলাটি দেখাতে পারলে নিজেদের আনন্দ লাগে। এই খেলাটি সব সময় না হওয়ার কারণে এই খেলাটি বিলুপ্তির পথে চলে যাচ্ছে। আমরা যারা সাপুরে আছি তারা প্রতিনিয়ত চাই এই খেলাটি বিভিন্ন গ্রাম এবং জেলাতে প্রতিনিয়ত আয়োজন করা হোক।

ঠাকুরপুর গ্রামের বিভিন্ন শ্রেণীর পেশার শিশু থেকে বৃদ্ধা শ্রেণীর মানুষ এই খেলা দেখতে ভিড় করে এবং বৃদ্ধা শ্রেণীর মানুষের কাছে এটি পরিচিত হলেও শিশু ও যুবকদের কাছে অনেক অপরিচিত। তারা এই আয়োজন পরবর্তী সময়েও দেখতে চাই। স্কুল শিক্ষার্থীরা বলে ঝাপান খেলার কথা আব্বু আম্মুর কাছে শুনেছি কিন্তু আজ এখানে হচ্ছে শুনে আমরা সকল বন্ধুরা একসাথে এসেছি। এ সময় তারা সাপের ফণা তুলে খেলা দেখে আনন্দ পেয়েছে।

সাপুড়েদের ভিতরে উপস্থিত ছিলো সাপুড়ে রাজু আহমেদ, রওসন,রহমান সহ অনেকে।